# কল্যাণী বিশ্ববিদ্যালয়

## পি-এইচ.ডি. ডিগ্রির জন্য লিখিত ও
## মৌখিক প্রবেশিকা পরীক্ষা এবং প্রাক্ অনুষঙ্গী বিষয়াবলী গবেষণা

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রবর্তিত বিধি (২০০৯) অনুযায়ী নতুন রীতিতে পি-এইচ.ডি. ডিগ্রি গ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের একটি লিখিত পরীক্ষা দিতে হবে। এই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে বিশেষজ্ঞ কমিটির কাছে মৌখিক পরীক্ষা দিতে হবে।

- **লিখিত পরীক্ষার জন্য নির্দিষ্ট নম্বর-১০০। মৌখিক পরীক্ষার জন্য নির্দিষ্ট নম্বর-৫০**

  বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ. জি. সি), ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট-এ যে রীতি অনুসরণ করে থাকে পি-এইচ. ডি. কার্যক্রম সংক্রান্ত নির্বাচনী পরীক্ষা সেই পরীক্ষাটির প্রায় অনুরূপ হবে। কেননা ইউ.জি.সি নিয়ম অনুযায়ী এই পদ্ধতিতে প্রাপ্ত পি-এইচ. ডি. ডিগ্রি ও নেট কোয়ালিফিকেশন এখন থেকে সমতুল গণ্য হবে। প্রস্তাবিত ১০০ নম্বর বিভাজিত হবে এইভাবে:

  ক) সঠিক বিকল্প নির্বাচনধর্মী প্রশ্ন (মাল্টিচয়েস কোয়েশচেন)-২০
  খ) ব্যাখ্যাধর্মী প্রশ্ন-৬০
  গ) রচনাধর্মী প্রশ্ন-২০
  এর মধ্যে 'ক' চিহ্নিত অংশটি সাহিত্যের ইতিহাস ভিত্তিক হবে।
  'খ' চিহ্নিত অংশটিতে ৫ নম্বর করে মোট ১২টি প্রশ্নের উত্তর দিতে হবে।
  'গ' চিহ্নিত প্রশ্নে একটি প্রবন্ধ রচনা করতে হবে, যার নম্বর ২০।

- পাঠ্যক্রম (পাঠ্যপুস্তক ও বিষয় সহ):
  ১) হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত-চর্যাচর্যবিনিশ্চয়
  ২) বসন্তরঞ্জন বিদ্বদবল্লভ সম্পাদিত - শ্রীকৃষ্ণকীর্তন
  ৩) বিপ্রদাস পিপলাই - মনসামঙ্গল
  ৪) কৃত্তিবাস - রামায়ণ
  ৫) ঈশ্বরচন্দ্র গুপ্ত - কবিতাবলী
  ৬) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় - চন্দ্রশেখর
  ৭) মধুসূদন দত্ত - কৃষ্ণকুমারী
  ৮) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর - সংস্কৃতভাষা ও সংস্কৃতসাহিত্যশাস্ত্রবিষয়ক প্রস্তাব
  ৯) সাময়িক পত্র - বঙ্গদর্শন, সবুজপত্র, পরিচয়
  ১০) রবীন্দ্রনাথ ঠাকুর - বলাকা, জীবনস্মৃতি, যোগাযোগ
  ১১) জীবনানন্দ দাশ - ধূসর পাণ্ডুলিপি
  ১২) মানিক বন্দ্যোপাধ্যায় - দিবারাত্রির কাব্য
  ১৩) সতীনাথ ভাদুড়ী - ঢোঁড়াই চরিত মানস
  ১৪) জগদীশ গুপ্ত - শশিতা অভয়া, আঠারো কলার একটি, বিধবা রতীমঞ্জরি
  ১৫) সমরেশ বসু - ছেঁড়া তমসুক, মানুষ রতন, পেলে লেগে যা

১৬) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ - নরনারায়ণ

১৭) মনোজ মিত্র - রাজদর্শন

১৮) প্রমথ চৌধুরী - প্রবন্ধসংগ্রহ

১৯) অবনীন্দ্রনাথ ঠাকুর - জোড়াসাঁকোর ধারে

২০) অনুকৃতিবাদ, ট্র্যাজিডি ও মহাকাব্য, ধ্বনিবাদ, রসবাদ

২১) বঙ্গলিপির উদ্ভব ও বিকাশ, বিশেষণ, সর্বনাম

২২) প্রাচীন ও মধ্যভারতীয় আর্যভাষার স্বর ও ব্যঞ্জনধ্বনি

২৩) শব্দার্থতত্ত্ব

২৪) রবীন্দ্রনাথের ভাষাতত্ত্বচর্চা

২৫) চমস্কির রূপান্তরমূলক-সৃজনমূলক ব্যাকরণ

২৬) সাম্প্রতিকালের বাংলা ভাষা - বিজ্ঞাপনের ভাষা

■ মৌখিক পরীক্ষা:

ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এবং যারা নেট, সেট এবং এম.ফিল. (প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ভর্তি হয়েছিল) তারা সরাসরি মৌখিক পরীক্ষা দিতে পারবে। এই মৌখিক পরীক্ষায় থাকবে--মোট- ৫০ নম্বর।

খ) যে বিষয়গুলি মৌখিক পরীক্ষায় থাকবে-- (অ) প্রস্তাবিত গবেষণা কর্ম -নম্বর :২০ (আ) মেধানুসন্ধান- -নম্বর : ২০ (ই) সমগ্র বাংলা সাহিত্য -নম্বর : ২০

গ) একটি চূড়ান্ত তালিকা বা প্যানেল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের নামের সারণিসহ প্রকাশিত হবে। তারাই বিভিন্ন শিক্ষকের কাছে শূন্য আসনগুলিতে বিষয় (টপিক) অনুসারে গবেষণা করতে পারবে। তবে সংশ্লিষ্ট নির্দেশক-শিক্ষকের ইচ্ছা ও বিষয় নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্তই গুরুত্ব পাবে এক্ষেত্রে।

ঘ) সংশ্লিষ্ট বিষয়ে বিভাগীয় গবেষণা সংসদের সিদ্ধান্তই চূড়ান্ত।

ঙ) বাংলা বিভাগে, মোট আসন সংখ্যা প্রতি বছর জুন ও ডিসেম্বর মাসের শুরুতে বিজ্ঞাপিত হবে।

■ গবেষণা অনুষঙ্গী কার্যক্রম বা কোর্স ওয়ার্ক:

পি-এইচ. ডি. প্রোগ্রামে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের গবেষণা অনুষঙ্গী কার্যক্রমে অংশ নিতে হবে। এই কার্যক্রমের সময়সীমা একটি সেমেস্টারের সমতুল এবং পরীক্ষার জন্য নির্দিষ্ট মোট নম্বর ২০০। ওই ২০০ নম্বরের মধ্যে গবেষণাকর্মের পদ্ধতিবিদ্যার (Research Methodology) জন্য ১০০ নম্বর ও বাংলা বিদ্যাশৃঙ্খলার উপর ১০০ নম্বর বরাদ্দ থাকবে। ওই দুটি বিষয়ের বিস্তারিত পাঠক্রম এখানে উল্লেখিত হল:

■ পি-এইচ. ডি. গবেষণা অনুষঙ্গী কার্যক্রম বা কোর্স ওয়ার্কের পাঠ্যক্রম:

প্রথম পত্র : গবেষণা পদ্ধতিবিদ্যা (Research Methodology)

১) গবেষণা : সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য

(Research work : Definition, Nature & Characteristics)

২) গবেষণার শ্রেণীভেদ

(Classification of Research work)

৩) গবেষণাপত্রের আদর্শ বিন্যাসক্রম

(Arrangements of Thesis)

৪) গবেষণার উদ্দেশ্য ও প্রয়োগবিধি

(Process & Technique of Research work)

৫) তথ্যসংগ্রহ প্রণালী ও কার্ড ইনডেক্সিং
(Process of Data collection & Card Indexing)

৬) গবেষণাপত্রে তথ্যবিন্যাস ও বিশ্লেষণ প্রণালী
(Data Processing)

৭) তথ্যবিশ্লেষণ কৌশল
(Data Analysis)

৮) প্রাথমিক (Primary) ও গৌণ (Secondary) উৎস সম্পর্কিত ধারণা
(Conception of Primary & Secondary Sources)

৯) উৎস নির্দেশ পদ্ধতি
(Process of Source Indication)

১০) উদ্ধৃতির প্রয়োগ, কপিরাইট আইন, বক্রলেখ, যতিচিহ্নের গুরুত্ব ও ব্যবহারবিধি
(Use of Quotations, words in italics, Panctuation etc. & Conception of Copyright Act.)

১১) পাদটীকা, গ্রন্থপঞ্জি ও নির্ঘন্ট প্রণয়ন-বিধি
(Procedure of preparing Foot-notes, Bibliography & Index)

১২) গ্রন্থাগার ও অভিলেখ্যাগার ব্যবহার প্রণালী এবং ক্ষেত্রভিত্তিক গবেষণার রীতি-পদ্ধতি
(Methods of Field Survey & utilization of Libraries and Archives)

১৩) মুদ্রণ-পূর্ব ও মুদ্রণোত্তর যুগের গ্রন্থ ও পত্র পত্রিকার সম্পাদনার নিয়মকানুন
(Rules & regulations regarding editing of old manuscripts & printed books)

১৪) প্রুফ সংশোধনের নিয়মাবলী
(Methods of Proof correction)

দ্বিতীয় পত্র : বিদ্যাশৃঙ্খলাগত পাঠ্যক্রম (Subject Discipline) :

পর্ব : ক (প্রাগাধুনিক পর্যায়)

১) বাংলা সাহিত্যের ইতিহাসের প্রাচীন ও মধ্যযুগ সম্পর্কে বিস্তৃত ধারণা
(আর্থ-সামাজিক, রাজনৈতিক ও আঞ্চলিক সাংস্কৃতিক প্রেক্ষাপট : নদীয়া জেলার সাহিত্য-সংস্কৃতি চর্চা)

২) প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারা ও স্বরূপ
(ধর্মীয় প্রেক্ষাপট ও নানা সাহিত্যরীতির আলোচনা)

পর্ব : খ (আধুনিক পর্যায়)

১) বাংলা সাহিত্যের ইতিহাসের আধুনিক যুগ সম্পর্কে বিস্তৃত ধারণা
(আর্থ-সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট)

২) আধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার উৎপত্তি ও বিবর্তন
(কাব্য, নাটক, কথাসাহিত্য, প্রবন্ধ-নিবন্ধ ইত্যাদি)

৩) উনিশ ও বিশ শতকের সাময়িক পত্র, সংবাদপত্র ও লিটল ম্যাগাজিন
(গুরুত্বপূর্ণ পত্রপত্রিকায় অভিনিবেশ বাঞ্ছনীয়)

পর্ব : গ (সাহিত্যিক প্রভাব)

১) ভারতীয় প্রাদেশিক ভাষায় বাংলা সাহিত্যের অনুবাদ (নির্বাচিত)

২) আধুনিক বাংলা সাহিত্যে অ-ভারতীয় সাহিত্য ও সাহিত্যকেন্দ্রিক নানা আন্দোলনের প্রভাব।

■ গবেষণা অনুষঙ্গী কার্যক্রম-এর জন্য নিয়মাবলী:

সপ্তাহে কাজের দিনে:

১) ২ দিন ক্লাস হবে। মাসে ক্লাস হবে ৮ দিন (নির্ধারিত রুটিন অনুযায়ী)।

২) প্রতিদিনে ৩/৪ ঘন্টা ক্লাস হবে।

৩) পূর্ণ সময়ের চাকুরীরত প্রার্থীদের চাকুরীর ক্ষেত্র থেকে অনাপত্তিজনিত শংসাপত্র **(No objection certificate)** আনতে হবে।

৪) নিয়মিত, সময়মতো আসতে হবে এবং সম্পূর্ণ সময় বিভাগে থাকতে হবে।

৫) ন্যূনতম ৬০ শতাংশ উপস্থিতি না থাকলে গবেষণা অনুষঙ্গী কার্যক্রমের পরীক্ষায় বসা এবং উত্তীর্ণ হওয়া যাবে না।

উপরোক্ত কোর্স ওয়ার্ক-এর পঠন-পাঠনের শেষে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের একটি লিখিত পরীক্ষা নেওয়া হবে এবং তার ফলপ্রকাশ করা হবে। পরে গবেষণাপত্র (Thesis) রচনায় শিক্ষার্থীরা অগ্রসর হবে। তার আগে নিবন্ধিত (Registration) হতে হবে। সমস্ত কার্যসূচিটি পরিচালিত হবে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবর্তিত নতুন পি-এইচ. ডি (২০০৯) বিধি অনুযায়ী।